অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল দুর্বল পরিবারকে আর্থিক স্থিতিশীলতা অর্জনে সাহায্য করবে এমন সামাজিক সেবা বলীয়ান করতে 17.2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

গভর্নরের পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগ এমন স্থানীয় বিভাগকে সমর্থন করে যারা নিউ ইয়র্কজুড়ে কয়েক লাখ নিম্ন আয়ের পরিবারকে সেবাদান করে

গভর্নরের 2024 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে উদ্যোগটি প্রথম ঘোষিত হয়

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে দুর্বল পরিবারকে আর্থিক স্থিতিশীলতা অর্জনে সাহায্য করবে এমন সামাজিক সেবা বলীয়ান করতে পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগের (Family-Centered Services initiative) মাধ্যমে 17.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। এই তহবিলটি পুরো নিউ ইয়র্কের স্থানীয় সামাজিক সেবা বিভাগকে স্টেটব্যাপী কয়েক লাখ নিম্ন আয়ের পরিবারকে সেবাদান অব্যাহত রাখার জন্য আরো কর্মী নিয়োগ করতে সাহায্য করবে।

"সংগ্রাম করতে থাকা নিউ ইয়র্কবাসীকে তাদের অত্যাবশ্যকীয় চাহিদা পূরণ ও অর্থনৈতিক নিরাপত্তায় স্থানান্তরিত হতে সাহায্য করার অতি গুরুত্বপূর্ণ সংস্থানকে আমরা বলীয়ান করছি," **গভর্নর হোকল বলেন।** "স্থানীয় সামাজিক সেবা বিভাগসমূহকে আরো কর্মী নিয়োগ ও কর্মকাণ্ড বলীয়ান করার তহবিল প্রদান করার মাধ্যমে আমরা আরো পরিবারকে দারিদ্র্য থেকে বের করে একটি উজ্জ্বলতর ভবিষ্যতের দিকে নিয়ে যাচ্ছি।"

আজকে প্রদত্ত 17.2 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে রয়েছে পুরো স্টেটের বিভিন্ন অঞ্চলের স্থানীয় সামাজিক সেবা বিভাগের জন্য বিনিয়োগ:

অঞ্চল	পরিমাণ
Capital Region	$1,984,616
Central New York	$1,653,845
Finger Lakes	$1,819,235
Long Island	$1,323,074
Mid-Hudson	$2,480,767
Mohawk Valley	$1,323,078
New York City	$1,157,687
North Country	$1,323,079

Southern Tier	$1,653,848
Western New York	$2,480,771

2024 স্টেট অফ দ্য স্টেট ভাষণে প্রথম পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগের ঘোষণা প্রদান করা হয় এবং এটি সামাজিক সেবা নেটওয়ার্ককে বলীয়ান করা এবং পরিবারসমূহকে দারিদ্র্য থেকে বের করে আনতে গভর্নর হোকলের গভীর প্রতিশ্রুতিকে অব্যাহত রাখে।

পুরো স্টেটের স্থানীয় সামাজিক সেবা বিভাগসমূহের কাছে যাতে সম্পূর্ণ পরিবারকে সমর্থন করবে এমন অভীষ্ট হস্তক্ষেপ প্রদান করার জন্য প্রশিক্ষিত কর্মী উপলভ্য থাকে তা নিশ্চিত করার মাধ্যমে পারিবারিক দারিদ্র্যকে উদ্যোগটি সমাধান করে। এর মধ্যে রয়েছে মানসিক স্বাস্থ্য অবস্থা, বিকাশগত অক্ষমতা, মাদক ব্যবহার ব্যাধি এবং গৃহহীনতা বা গৃহ নির্যাতনে ভুগতে থাকা ব্যক্তিদের মতো জটিল প্রয়োজনসম্পন্ন পরিবারসমূহকে সহায়তা করা।

তহবিলটি স্থানীয় বিভাগসমূহকে কাউন্টির মামলার চাপের উপর ভিত্তি করে এক থেকে সাতজন পূর্ণকালীন ক্রেডেনশিয়ালসম্পন্ন বা যথাযথ অভিজ্ঞতাসম্পন্ন কর্মী নিয়োগ করতে দিবে। নতুন কর্মী কেস ব্যবস্থাপনা সেবার একটি ব্যাপ্তি প্রদান করবে যার মধ্যে গৃহস্থালিকে স্থিতিশীল করার জন্য বিশদ মূল্যায়ন, সঙ্কটকালীন হস্তক্ষেপ, সংস্থান নেভিগেশন এবং পিয়ার সমর্থন ইত্যাদি অন্তর্ভুক্ত হতে পারে।

স্থানীয় বিভাগসমূহ তারা যেসব গৃহস্থালিকে সেবাদান করে তাদের অনন্য চাহিদা পূরণের জন্য বিশেষভাবে তৈরি করা হবে। কেউ গৃহহীন পরিবারের বা কেউ মানসিক স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত গৃহস্থালির প্রয়োজন পূরণে মনোযোগ দিতে পারে, এবং অন্যরা হয়তো চাকরির আরো উৎসাহ প্রদানকারী পথের ব্যাপারে মনোনিবেশ করতে পারে। স্থানীয়ভাবে তৈরি নির্ণায়ক অনুযায়ী কর্মসূচিতে পরিবারকে রেফার করা হবে।

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance) কমিশনার বারবারা সি গুইন বলেন, "দারিদ্র্যের কারণ প্রায়শই জটিল হয় এবং তা সমাধান করার জন্য প্রত্যেক পরিবারের নির্দিষ্ট চাহিদা পূরণ করবে এমন বহুমুখী পন্থা প্রয়োজন হয়। গভর্নর হোকল যে পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগের ক্ষমতা অনুধাবন করেছেন তার জন্য আমরা কৃতজ্ঞ এবং এর ফলে কেয়ারগিভারদের আর্থিক স্থিতিশীলতা এবং পরিবারের সুস্থতা অর্জনে সাহায্য করার জন্য সামাজিক সেবা জেলাসমূহ আরো ভালোভাবে প্রস্তুত হবে।"

স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services) কমিশনার ডাঃ ডামিয়া হ্যারিস-ম্যাডেন বলেন, "স্বয়ংসম্পূর্ণতার কাঠামোগত প্রতিবন্ধকতার কিছু অপসারণ এবং দারিদ্র্য কাটিয়ে উঠার প্রয়াস অব্যাহত রাখার জন্য গভর্নর হোকল এবং আমাদের পরিপূরক এজেন্সিসমূহের পাশে আমরা গর্বসহকারে দাঁড়িয়ে আছি। মৌলিক চাহিদা পূরণ করে এমন সেবা ও সমর্থনের অ্যাক্সেস জীবন বদলে দিতে পারে; তাই আরো কর্মী ও প্রশিক্ষণসহ সেফটি নেটে বিনিয়োগ করা প্রয়োজন। পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগের মাধ্যমে আমরা কর্মীবাহিনীকে সম্প্রসারিত ও বলীয়ান করছি যা পরিবারসমূহকে প্রতিযোগী এবং বাধ্যতামূলক চাহিদা পূরণে সহায়তা করবে।"

মানসিক স্বাস্থ্য অফিসের (Office of Mental Health) কমিশনার ডাঃ অ্যান সালিভ্যান বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর কাছে নিজ সম্প্রদায়ে এমন বাসা থাকা উচিত যেখানে তারা বসবাস এবং সমৃদ্ধি করতে পারবে।এই অতি গুরুত্বপূর্ণ র্যাপঅ্যারাউন্ড সেবা ব্যক্তি ও পরিবারকে সফলভাবে বৃহত্তর স্থিতিশীলতা এবং আর্থিক নিরাপত্তার সাথে অগ্রসর হতে সাহায্য করবে, যার ফলে মানসিক সুস্থতাকেও সমর্থন করা হবে। আমাদের অভাবী পরিবারসমূহ যাতে এইসব অতি গুরুত্বপূর্ণ সেবা এবং সমর্থনের অ্যাক্সেস পেতে পারে সেটিকে তার প্রশাসনের একটি অগ্রাধিকার করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

গৃহ নির্যাতন প্রতিরোধ অফিসের (Office for the Prevention of Domestic Violence, OPDV) নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "গৃহ নির্যাতনের ভুক্তভোগী এবং তাদের পরিবারকে তাদের নিরাময় ও আর্থিক স্বাধীনতার যাত্রায় সমর্থন করার জন্য অতি গুরুত্বপূর্ণ সামাজিক সেবার অ্যাক্সেস অত্যাবশ্যকীয়। অভাবের সময় মানুষকে সাহায্য করার এই তহবিলের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। ভুক্তভোগী এবং কঠিন সময় পার করতে থাকা অন্যদের সাহায্য করার জন্য নিবেদিত এবং বিশেষভাবে প্রশিক্ষিত সমর্থন কর্মী থাকা নিশ্চিতকরণ ভুক্তভোগীকেন্দ্রিক, ট্রমা অবগত,এ বন সাংস্কৃতিকভাবে সাড়াদানকারী হয়ে উঠার OPDV এর মিশনকে সমর্থন করার প্রতি নিউ ইয়র্কের অব্যাহত প্রতিশ্রুতিকে প্রদর্শন করে।"

স্টেটের সিনেটর রোক্সান পারসাউড বলেন, "নিউ ইয়র্ক স্টেট সিনেটের সামাজিক সেবা কমিটির (NYS Senate Social Services Committee) প্রধান হিসেবে পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগের জন্য গভর্নরের 17.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণার আমি প্রশংসা করছি। স্টেটের অর্থবছর 2024-2025 এর বাজেটে আমি এই তহবিলকে সমর্থন করেছি কারণ এটি পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে স্থানীয় সামাজিক সেবা জেলাসমূহকে অতিরিক্ত প্রশিক্ষিত কর্মী নিয়োগ করতে এবং নিম্ন আয়ের পরিবারের জন্য উপলভ্য সমর্থন উন্নত করার ক্ষমতা প্রদান করবে।"

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "নিউ ইয়র্ক তাদের নিজেদের মানুষের খেয়াল রাখে, বিশেষ করে যখন ব্যাপারটি আমাদের যেই প্রতিবেশীদের প্রয়োজন সবথেকে বেশি তাদের সমর্থন করার হয়। গভর্নর হোকলের নতুন পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগটি স্থানীয় সামাজিক সেবা বিভাগসমূহকে অতি প্রয়োজনীয় আর্থিক সমর্থন প্রদান করবে যাতে তারা অতিরিক্ত কর্মী সদস্য নিয়োগ করার জন্য এবং পুরো নিউ ইয়র্কের যে হাজার হাজার পরিবার তাদের সেবার উপর নির্ভর করে তাদের আরো উত্তম সেবা প্রদানের জন্য আরো ভালোভাবে প্রস্তুত হতে পারে। নিউ ইয়র্ক সিটির জন্য 1 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগসহ এই 17.2 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি হলো নিউ ইয়র্ক স্টেটের কষ্টে থাকা পরিবারসমূহকে সমর্থন করতে সরকারের ক্ষমতা ব্যবহার করার জন্য গভর্নর হোকল, নেতা স্টুয়ার্ট-কাজিন্স, এবং আইনসভার উভয় হাউজে আমার সহকর্মীবৃন্দ যে প্রতিশ্রুতি গ্রহণ করেছেন তার আরেকটি প্রমাণ।"

অ্যাসেম্বলি সদস্য মার্টিজা ডেভিলা বলেন, "নিউ ইয়র্ক স্টেট সামাজিক সেবা কমিটির (New York State Social Services Committee) প্রধান হিসেবে সকল বাসিন্দাদের জন্য অত্যাবশ্যকীয় সেবা উন্নত ও সম্প্রসারিত করতে আমি নিবেদিত; যাতে স্বাস্থ্যকর এবং ফলপ্রসূ জীবনযাপনের জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন ও সংস্থান পাওয়ার সুযোগ তাদের কাছে থাকে। সামাজিক সেবা এজেন্সিসমূহকে 17.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করতে গভর্নর ক্যাথি

হোকলের সমর্থনের জন্য আমি তার প্রশংসা করছি, যা পুরো নিউ ইয়র্ক স্টেটের নিম্ন আয়ের পরিবারসমূহকে সেবাদান অব্যাহত রাখার জন্য অতি প্রয়োজনীয় কর্মী ও সরঞ্জামের সংখ্যা বৃদ্ধি করবে। প্রত্যেক ব্যক্তি ও পরিবারের জন্য একটি অন্তর্ভুক্তিকর পরিবেশ তৈরির জন্য স্বাস্থ্যসেবা, আবাসন, শিক্ষা, এবং চাকরির সুযোগের সমতার অ্যাক্সেস নিশ্চিত করা আমাদের দায়িত্ব। প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলে এবং অন্তর্ভুক্তির প্রচার করে এমন নীতিমালা বাস্তবায়নের ব্যাপারে আমরা প্রতিশ্রুতিবদ্ধ, যার জন্য বিধিমালা এবং অর্থায়ন প্রয়োজন।"

অ্যাসেম্বলি সদস্য ডেমন্ড মিকস বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটের মধ্যে শীর্ষ পাঁচটি দরিদ্রতম জিপ কোডের মধ্যে তিনটিই রচেস্টারে অবস্থিত, আমাদের বহু পরিবার দৈনন্দিন চাহিদা পূরণে হিমশিম খাচ্ছে এবং তাদের অত্যন্ত মৌলিক প্রয়োজন মেটানোর জন্য তারা সরকারি সহায়তার উপর নির্ভর করে। আমাদের সবথেকে দুর্বল শিশু ও পরিবারকে স্থিতিশীলতা অর্জন করতে সাহায্য করে এমন সংস্থান বলীয়ান করা আমাদের অবশ্যই অব্যাহত রাখতে হবে। একটি সার্বিক পন্থা গ্রহণ করার জন্য এবং আমাদের পুরো স্টেটে অত্যাবশ্যকীয় সামাজিক সেবা উন্নত করতে প্রয়োজনীয় বিনিয়োগ করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক পাবলিক ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের (New York Public Welfare Association) নির্বাহী পরিচালক পল ব্র্যাডি বলেন, "এই তহবিলটি স্থানীয় সাময়িক সেবা জেলায় একটি অতি প্রয়োজনীয় শক্তি প্রদান করবে এবং আমাদের সবথেকে দুর্বল কিছু পরিবারকে তাদের প্রয়োজনীয় সেবার সাথে সংযুক্ত করার প্রতিবন্ধকতা অপসারণ করতে সাহায্য করার মাধ্যমে তাদের আরো উত্তম সেবা প্রদান করা জেলাসমূহের জন্য সম্ভব করবে। পরিবারকেন্দ্রিক সেবা উদ্যোগটি পারিবারিক দারিদ্র্য বিমোচনের একটি উদ্ভাবনী পন্থার প্রতিনিধিত্ব করে যা সকল নিউ ইয়র্কবাসীকে লাভবান করবে এমন স্টেট ও স্থানীয় সরকারের মধ্যকার চলমান সহযোগিতার গুরুত্বকে তুলে ধরে।"

ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক সিটির (United Way of New York City) প্রধান নির্বাহী কর্মকর্তা গ্রেস বনিলা বলেন, "ইউনাইটেড ওয়ে অফ নিউ ইয়র্ক সিটিতে আমরা অনুধাবন করতে পারি যে দারিদ্র্যের সম্মুখীন হওয়া পরিবারের স্থিতিশীল হওয়ার পথ বহুমুখী এবং অত্যন্ত ব্যক্তিগত। সাংস্কৃতিকভাবে যোগ্য, ক্রেডেনশিয়ালযুক্ত, এবং অভিজ্ঞ কর্মী নিয়োগে মনোযোগ প্রদানের মাধ্যমে এই উদ্যোগটি নিশ্চিত করে যাতে প্রদত্ত সেবা অভিজ্ঞ এবং সহানুভূতিশীল উভয়ই হয়। একদম সেরা, বিশেষভাবে তৈরি, সাড়াদানকারী যত্নের কম কিছু আমাদের পরিবারসমূহের প্রাপ্য নয়। গভর্নর হোকলের এই বিনিয়োগটি আমাদের সম্প্রদায়সমূহের জটিল চাহিদা সমাধানে একটি গুরুত্বপূর্ণ ধাপ, এবং নিউ ইয়র্কের সবথেকে দুর্বল পরিবারসমূহকে উত্থিত করার এই অত্যাবশ্যকীয় প্রয়াসকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত।"

ক্যাথোলিক চ্যারিটিজ ফ্যামিলি এবং কমিউনিটি সার্ভিসেসের (Catholic Charities Family and Community Services) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা লরি ভ্যানঅকেন বলেন, "আরো বেশি আর্থিক নিরাপত্তা পেতে কাজ করতে থাকা পরিবারসমূহকে সমর্থন করার জন্য আমাদের সম্প্রদায়ে যে অতিরিক্ত সংস্থান আসছে তা নিয়ে আমি আনন্দিত। ঐতিহাসিকভাবে দারিদ্র্যে বসবাসকারী পরিবারসমূহকে সেবাদান করা একটি এজেন্সি হিসেবে, আমরা যেসব মানুষকে সেবাদান করি তাদের জীবনে এই মাত্রার একটি তহবিল একটি

রূপান্তরমূলক পার্থক্য গড়ে দিতে পারে। নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের স্থানীয় মানব সেবা বিভাগের সাথে আমাদের অংশীদারিত্ব অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

অ্যালবানি কমিউনিটি অ্যাকশন পার্টনারশিপের (Albany Community Action Partnership) নির্বাহী পরিচালক নিনাহ ব্র্যান্ড বলেন, "অ্যালবানি কমিউনিটি অ্যাকশন পার্টনারশিপ বহু বছর ধরে একটি পরিবারকেন্দ্রিক পন্থা ব্যবহার করে সেবা প্রদান করে যাচ্ছে। একটি সম্প্রদায়ের পদক্ষেপ গ্রহণের এজেন্সি হিসেবে আমাদের অভিজ্ঞতা একটি পরিবারকেন্দ্রিক সেবা মডেলের কার্যকারিতাকে তুলে ধরে। সেবায় দুই-প্রজন্মের পন্থা গ্রহণ করার সাফল্য এবং পরিবারসমূহ যেই বহুমুখী সমস্যার সম্মুখীন হয় তা সমাধান করার র্যাপঅ্যারাউন্ড সেবাসহ অভীষ্ট স্বতন্ত্র হস্তক্ষেপ প্রদান করার জন্য সার্বিকভাবে প্রশিক্ষিত কর্মীতে বিনিয়োগ করার ফল আমরা দেখেছি। আমরা বিশ্বাস ক্রয় যে এই সার্বিক পন্থা সঙ্কটে থাকা গৃহস্থালিসমূহকে স্থিতিশীল করবে, আর্থিক নিরাপত্তার দিকে সচল করবে, এবং নিশ্চিত করবে যাতে সকল প্রজন্ম সমৃদ্ধি করতে তাদের প্রয়োজনীয় সমর্থন লাভ করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন